

■■ মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৪৬২০

পর্ব-২৪: স্বপ্ন (كتاب الرؤيا)

পরিচ্ছেদঃ প্রথম অনুচ্ছেদ

الْفَصلُ الْأُوَّلُ

আরবী

وَعَنْ أُمِّ الْعَلَاءِ الْأَنْصَارِيَّةِ قَالَتْ: رَأَيْتُ لِعُثْمَانَ بْنِ مَظْعُونٍ فِي النَّوْمِ عَيْنًا تَجْرِي فَقَصَصَتْهَا عَلَى رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فَقَالَ: «ذَلِكِ عَمَلُهُ يُجْرَى لَهُ». رَوَاهُ الْبُخَارِيُّ

বাংলা

৪৬২০-[১৫] আনসারী মহিলা উম্মুল 'আলা (রাঃ)হতে বর্ণিত। তিনি বলেন, আমি স্বপ্নে 'উসমান ইবনু মায্'ঊন (রাঃ)-এর জন্য একটি প্রবহমান পানির ঝরণা দেখতে পেলাম এবং এ ঘটনা রসূলুল্লাহ সাল্লাল্লাভ্ আলাইহি ওয়াসাল্লাম-এর নিকট বললাম। তখন তিনি (সাল্লাল্লাভ্ আলাইহি ওয়াসাল্লাম) বললেনঃ তা তার 'আমল। তা তার জন্য (কিয়ামত পর্যন্ত) জারি থাকবে। (রখারী)[1]

ফুটনোট

[1] সহীহ: বুখারী ৭০০৪, মুসান্নাফ 'আবদুর রায্যাক ২০৪২২, 'বায়হাক্কী'র কুবরা ৭৪৪১।

ব্যাখ্যা

ব্যাখ্যাঃ অত্র হাদীসের বর্ণনাকারী মহিলাটি ছিলেন তাকে জন্মাদানকারিণী মা। তার মা যখন অসুস্থ হয়েছিলেন, তাকে দেখার জন্য রসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম গিয়েছিলেন। এমতাবস্থায় মহিলাটি রসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-কে তার স্বপ্নের কথা বলেছিলেন। 'উসমান ইবনু মায্'উন ছিলেন দুইবার হিজরতকারীদের অন্তর্ভুক্ত সাহাবী। তিনি বদর যুদ্ধে উপস্থিত ছিলেন। মদীনায় হিজরত করা সাহাবীদের মাঝে প্রথম ব্যক্তি। তার মৃত্যুর পর নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তার কপালে চুমা খেয়েছিলেন। তার 'আমল কিয়ামত পর্যন্ত জারি থাকবে। কেননা তিনি আল্লাহর রাস্তায় পাহারারত অবস্থায় মৃত্যুবরণ করেছিলেন। আর যে ব্যক্তি আল্লাহর রাস্তায় পাহারারত অবস্থায় মৃত্যুবরণ করেছেলেন। (মিরক্লাতুল মাফাতীহ)



হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি 🛘 বর্ণনাকারীঃ উম্মুল আলা আনসারিয়্যাহ্ (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন